

১০। উৎপাদ কর প্রদান পরবর্তীকালে হিসাবে সংশোধন।— যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোন করযোগ্য পণ্য সরবরাহ বাবদ চালানপত্র প্রদানের পর পণ্যের বিক্রয় বাতিল করা হয় এবং পণ্য ফেরত গ্রহণ করা হয়, সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি উক্ত ফেরত গৃহীত পণ্য সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক চলতি হিসাব ও পরবর্তী দাখিল পত্রের মাধ্যমে তৎকর্তৃক প্রদেয় উৎপাদ করের বিপরীতে সমন্বয় করিতে পারিবেন।